বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোনা
www.lged.gov.bd.

স্মারক নং- ৪৬.০২.৭২৬৩.০০০.৯৯.০১০.২১- ৬০৬ তারিখ ঃ- ১৪/১২/২১ খ্রিঃ।

## পুরাতন ভবন বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২১-২২

এতদ্বারা পুরাতন ভবন বা পুরাতন ভবনের মালামাল ক্রয়/ বিক্রয়ের প্রকৃত ব্যবসায়ী ব্যাক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলা পরিষদের পুরাতন জরাজীর্ন ইউটিডিসি ভবন, হলরুম ও পুরাতন টুইন কোয়াটার বর্তমানে যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থাতেই নিলামে বিক্রয় করার উদ্দেশ্যে নিম্ন বর্ণিত শর্তাবলী ও তফসীল মোতাবেক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্রের বিবরন ও তফসীলঃ**

০১। দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময় ঃ ২৯/১২/২১ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত।
০২। দরপত্র দলিল বিক্রয়ের স্থান ঃ উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোনা।
০৩। দরপত্র গ্রহনের শেষ তারিখ, সময় ও স্থান ঃ ৩০/১২/২১ইং দুপুর ১.০০ ঘটিকা, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোনা।
০৪। দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান ঃ ৩০/১২/২১ইং দুপুর ২.০০ ঘটিকা, উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোনা।

| প্যাকেজ নং | কাজের বিবরন | ভবন সংখ্যা | জামানতের টাকা | সময় সীমা | দরপত্র দলিলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের পুরাতন জরাজীর্ন ইউটিডিসি ভবন, হলরুম ও পুরাতন টুইন কোয়াটার নিলামে বিক্রয়। | ৩টি | উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) | ৩০ দিন | টাকা- ১০০০/- (এক হাজার টাকা মাত্র) |

বিঃ দ্রঃ নিলাম দরপত্রের সকল শর্তাবলী দরপত্র সিডিউলে সহিত পাওয়া যাবে।

১৪.১২.২১
(মুহাম্মদ আলমগীর হোসেন)
উপজেলা প্রকৌশলী
মোহনগঞ্জ, নেত্রকোনা

শর্তাবলীঃ-

১। দরপত্র দলিলের প্রতিটি আইটেম অনুযায়ী দর উল্লেখ পূর্বক নির্ধারিত কলামে অংকে ও কথায় স্পষ্টাক্ষরে দর দাখিল করতেহবে। অস্পষ্ট/কাটাকাটি/লেখার উপর লেখা ও ঘসামাজা করে লিখিত দর গ্রহন যোগ্য হবে না।

২। দরপত্রের সহিত উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ এর অনুকুলে উদ্ধৃত্ত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারেজামানতের টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে অবশ্যই দাখিল করিতে হবে। বায়নার টাকা ব্যতীত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। কৃতকার্য দরপত্র দাতা চুক্তি সম্পাদনের পত্র প্রাপ্তির পর উপজেলা পরিষদ মোহনগঞ্জ এরঅনুকুলে উদ্ধৃত মূল্যের সমপরিমানটাকা সহসরকারী বিধি মোতাবেক ধার্য্যকৃত (উদ্ধৃত মূল্যের) অতিরিক্ত ৭.৫% ভাগ ভ্যাট ও ৩% ভাগ আয়কর এর টাকাসংশ্লিষ্ট খাতেচালানের মাধ্যমে পৃথক পৃথক ভাবে জমা প্রদান করতে হবে।

৪। উত্তীর্ণ ঘোষিত দরপত্রদাতাকে তার উদ্ধৃত মূল্যের সাকুল্য টাকা নির্ধারিত সময়ের মধ্যে (প্রাপ্ত পত্র মোতাবেক) উপজেলারতহবিলে জমা প্রদান/পরিশোধ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সাকুল্য টাকা (ভ্যাট ও আয়কর সহ) পরিশোধে ব্যার্থ হলে তার দরপত্র বাতিলসহ জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।

৫। কৃতকার্য্য দরপত্রদাতাকে সরকারী বিধি মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে রীতিসিদ্ধ চুক্তি আবদ্ধ হইতে হবে এবং চুক্তি সম্পাদনের পর অবকাঠামো ভাঙ্গনাদেশ প্রদান করা হবে।

৬। আগ্রহী দরপত্রদাতা দর দাখিলের পূর্বে উল্লেখিত মালামালের মূল্য, ভাঙ্গন ব্যয়, মালামাল অপসারন ব্যয় ও অন্যান্য আনুসাঙ্গিকব্যয় নির্নয়সহ দর উল্লেখ করবে। দরপত্র গ্রহনের পর অকাঠামোর পরিমান এবং অবস্থান সংক্রান্ত কোন প্রকার গড়মিল/তারতম্য উল্লেখ বা অন্যকোন আপত্তি উত্থাপন করা হলে তাহা গ্রহন যোগ্য হবে না।

৭। ভবন ভাঙ্গন কালে পাশ্ববর্তী অবকাঠামো বা স্থাপনার কোনরূপ ক্ষতিসাধন না ঘটে সে দিকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। অসতর্কতা জনিত বা অন্যকোন কারণে পার্শ্ববর্তী অবকাঠামো/স্থাপনার ক্ষতি সাধন ঘটিলে বায়নার টাকা থেকে ক্ষতিপূরন আদায়ের ব্যবস্থা নেয়া হবে অথবা কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত যাবতীয় ক্ষতিপূরন ক্রয়কারীকে বহন করতে হবে।

৮। ভাঙ্গনাদেশ প্রাপ্ত ক্রয়কারী/ঠিকাদার ভাংগার কাজ সমাপ্ত করে যাবতীয় মালামাল নিজ দায়িত্বে ও নিজ হেফাজতে সরাইয়া ফেলবে। সন্তোষজনকভাবে কাজ সমাপ্তির পর তার ভারপ্রাপ্ত প্রকৌশলীর প্রতিবেদনের সাপেক্ষে দরপত্রের সাথে জমকৃত বায়নারটাকা ফেরত প্রদান করা হবে।

৯। ভাঙ্গানাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে কাজ সমাপ্ত করে যাবতীয় মালামাল অপসারণ পূর্বক ভূমি মুক্ত করতে হবে। অন্যথায় তার ভাঙ্গন আদেশ বাতিল করতঃ জামানত ও জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করার ব্যবস্থা গ্রহন করা হবে।

১০। প্রশাসনিক ভাবে অনুমোদিত প্রাক্কলিত দরঅপক্ষে দাখিলকৃত কম দর গ্রহন যোগ্য নয়। সর্বোর্চ্চ দরদাতা একাদিক হলে লটারীর মাধ্যামে নির্বাচিত হবে, জটিলতা বা সমস্যা উদ্ভব হলে কর্তৃপক্ষের গৃহিত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গল্য হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র সংক্রান্ত যে কোন পরিবর্তণ/পরিবর্ধন, সংশোধন বা দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষণ করেন।

১২। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ওভ্যাট নিবন্ধন নম্বর এর অনুলিপি দাখিল করতে হবে।

(মুহাম্মদ আলমগীর হোসেন)
উপজেলা প্রকৌশলী
মোহনগঞ্জ, নেত্রকোনা

স্মারক নং- ৪৬.০২.৭২৬৩.০০০.৯৯.০১০.২১-৮০৬/১(১০) তারিখ ঃ-১৪/১২/২১খ্রিঃ।

**সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরীত হলোঃ-**

১) উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, নেত্রকোনা।
৩) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোনা।
৪) চেয়ারম্যান উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা ।
৫) উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা।
৬) সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোনা
৭) অফিসার্স ইনচার্জ, মোহনগঞ্জ থানা, মোহনগঞ্জ, নেত্রকোনা।
৮) সম্পাদক দৈনিক যুগান্তর, এশিয়ান এইজ, ও দৈনিক বাংলার নেত্র, বিজ্ঞপ্তিটি আগামী ১৭-১২-২০২১ তারিখের মধ্যে ৭"x৩ কলামে ভিতরের পাতা শুধুমাত্র একবার প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
৯) মিঃ/মেসার্স.........................................................................
১০) নোটিশ বোর্ড, অত্র দপ্তর ।

(মুহাম্মদ আলমগীর হোসেন)
উপজেলা প্রকৌশলী
মোহনগঞ্জ, নেত্রকোনা।